

মন রে কৃষিকাজ জানো না Lyrics:-

মন রে কৃষিকাজ জানো না
মন রে কৃষিকাজ জানো না,
এমন মানব জমিন রইলো পতিত
আবাদ করলে ফলত সোনা।

মানব জমিন রইলো পতিত
আবাদ করলে ফলত সোনা,
মন রে কৃষিকাজ জানো না
মন রে কৃষিকাজ জানো না।।

কালী নামে দাও রে বেড়া
ফসলে তছরূপ হবে না,
কালী নামে দাও রে বেড়া
ফসলে তছরূপ হবে না.

সে যে মুক্তকেশীর শক্ত বেড়া
মুক্তকেশীর শক্ত বেড়া
তার কাছেতে যম ঘেঁষে না,
মনরে কৃষিকাজ জানো না
মন রে কৃষিকাজ জানোনা।।

অদ্য কিংবা শতাব্দান্তে
বাজাপ্ত হবে জানো না,
অদ্য কিংবা শতাব্দান্তে
বাজাপ্ত হবে জানো না।

আপন একতারে মন রে
আপন একতারে মন রে
চুটিয়ে ফসল কেটে নে না,
মন রে কৃষিকাজ জানো না
মন রে কৃষিকাজ জানো না।।

গুরুদত্ত বীজ রোপণ করে
ভক্তি বারি সৈঁচে দে না,
গুরুদত্ত বীজ রোপণ করে
ভক্তি বারি সৈঁচে দে না,

একা যদি না পারিস মন রে ..
একা যদি না পারিস মন
রামপ্রসাদকে সঙ্গে নে না। (x2)

মন রে কৃষিকাজ জানো না
মন রে কৃষিকাজ জানো না।

এমন মানব জমিন রইলো পতিত
আবাদ করলে ফলত সোনা,
মানব জমিন রইলো পতিত
আবাদ করলে ফলত সোনা,
মন রে কৃষিকাজ জানো না
মন রে কৃষিকাজ জানো না।।